অই১

বঙ্গীয় শব্দকোষ

সর্ব্ব, বিং [সং অসৌ> প্রা অহ (হে), অপভ্রংশ প্রা–ওই (১মা-বহুব, হে ৪ ৩৬৪)> বা (ই-আগমে 'অহি') অই; হি রহ; মৈ ওহি; আই–এই (চ)]

১. সম্মুখস্থ, পুরোবর্ত্তী, দূরস্থ, নাতিদূরস্থ।

"রাম কৃষ্ণ দুই ভাই ক্ষুধায় আকুল। ধেনু চরায়ে অই কাননে অদূর॥ শ্রী ম ৭১। সকল অর্পিনু মুঞি অই শ্রীচরণে ভ গ্র ৪১৪। অই ঠাকুরের কেশ শোভে নানা ফুলে চৈ ভা ৩২৬ ।

২. বুদ্ধিস্থ, মনস্থিত।

"ভগবান্ নিত্য যেন তেন অই শক্তি দু ৪৬। অই মম তপ, অই মম জপ স্ব প্র ৬।

৩. সেই, তাহা, পূর্ব্বোক্ত, তাদৃশ।

"আট দিগে ভাল বর চাহে লক্ষপতি। অবিরত অই চিন্তা স্থির নহে মতি ৷ ক.চ ১১৪; উহারি হাতে রাঙ্গা শাঁখা অই বরণে গোরী ১৫৪। চাঁপায়ে প্রভুর আজ্ঞা সদা মনে অই শ্রী ৩৯।

৪. [হি রহ] সেই, তদভিন্ন (That very)। – ই সর্ব্ব ১ সম্মুখে দূরস্থ বা নাতিদূরস্থ নয়নগোচর বিষয়–মনুষ্যাদি; ঐ, ও। "অই কি জানে স্ত্রীকলা ক.চ ১৫৪। কে রমণী অই পথে পথে গাই। –হেম ২৮৪; ভারতের "গ্রীন্-উইচ্" অই আগেকার ৩৬২। ২ বুদ্ধিস্থ বিষয়-নির্দ্দেশ; উহা, সে, সেই, তাহা ৷ "তাই জিয়া থাক সই ক চ ৪৬ । অভাগীর ভাড়া অই: অন্ধার মাণিক অই শ্রী ৬৭। – ই ক্রি.বিং ১ সম্মুখে, দূরে, নাতিদূরে, পুরোভোগে। "অই দেখ গান করে নারী পতিহীনা: অই দেখ নৃত্য করে হাতে অস্ত্র ধরি ম ১০০৭। দুর্জয় গড় অই শ্রী ১৭৯৷ বকুলতলায় বসিয়া অই ভা.চ ২৭৬; কালিকা আকাশে অই ৪৩৮। শারি কহে কই তব তমালিকা কই। শুক বলে অই দেখ ডালে বসে অই॥ বাদ ১৬৭। ২ দূরশ্রুত ধ্বনির নির্দ্দেশ। "অই গুন অই শুন ভেরীর আওয়াজ। –রঙ্গ ১০৭। অই কুহরিল পিক ললিত উচ্ছ্বাসে। –হেম ২৭০। নিশি অন্ত জেনে ডাকিছে অই কোকিলে (নিধুবাবু)। ৩ দূরস্থ দৃশ্যনির্দ্দেশ। "অই যে অবনীতলে, পরশমাণিক জ্বলে, বিধাত।-নির্ম্মিত চারু মানব-নয়ন। –হেম ২৯০। –ই অব্য ১ বিস্তৃত বিষয়ের হঠাৎ স্মরণে। "অই যা, তাড়াতাড়িতে সব ভুলেছি! ২ রোষে। "অই! আবার সেই কথা, মারব!